বিদ্যমান আছেন। ইহা দ্বারাও এবং "বিকর্ম্ম যচ্চোৎ পতিতং কথঞ্চিৎ ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ।" শ্রীভগবদ্ভক্তগণের যদি কোনও প্রকারে বিকর্ম্ম উপস্থিত হয়, তাহা হইলে অনুতপ্ত হৃদয়ে চিন্তিত শ্রীভগবান্ তাহার সেই দুষ্প্রবৃত্তি বিদূরিত করিয়া থাকেন। এস্থানেও "কথঞ্চিৎ" শব্দ প্রয়োগ করিয়া যাহারা ভগবানে ভক্তিলাভ করিয়াছেন, তাঁহাদের স্বতন্ত্রভাবে বিকর্ম্মে প্রবৃত্তি হইতে পারে না—ইহাই জ্ঞাপন করিয়াছেন। পদ্মপুরাণেও উল্লেখ আছে—"নাম্নো বলাদ্ যস্য হি পাপবুদ্ধি র্ন বিদ্যতে তস্য যমৈর্হি-শুদ্ধিঃ।" যাহার নাম উপলক্ষিত কোনও ভক্তিঅঙ্গের মহিমাবলে পাপ করিবার প্রবৃত্তি জন্মে, অর্থাৎ পাপকার্য্য করিয়া সর্ব্বপাপহারী শ্রীনাম কীর্ত্তন করতঃ অনুষ্ঠিত পাপের প্রায়শ্চিত্ত করিব—এই প্রকার দুষ্প্রবৃত্তির উদয় হয়, তাহার যম, নিয়ম প্রভৃতি পবিত্র সাধনসমূহ দ্বারা কিম্বা যমের বাড়ী নরকাদি ভোগের দ্বারাও শুদ্ধি হয় না। এইরূপ নামাপরাধভঞ্জন-স্তোত্রাদিতে হরিভক্তিবলেও পাপপ্রবৃত্তি অপরাধজনক বলিয়া উল্লেখ করা হইয়াছে। হয়তো কেহ মনে করিতে পারেন—শ্রীভগবদ্গীতায় উল্লিখিত "অপি চেৎ সুদুরাচারঃ" ইত্যাদি শ্লোকে সুদুরাচারকে সাধু বলিয়া সম্মান করিবার ব্যবস্থা দেখা যায় কেন? তাহার উত্তর এই যে—সেই শ্লোকে "সুদুরাচারঃ" পদে অনন্য দেবতার উপাসক শ্রীভগবদ্ভজনকারী ভক্তকে অনাদর অর্থাৎ আদর না করা অত্যন্ত দোষ—এই তাৎপর্য্যই প্রকাশ করিয়াছেন। কিন্তু দুষ্টাচার করিবার ব্যবস্থা করা হয় নাই। যেহেতু ঐ শ্লোকের পরশ্লোকেই "ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি" অর্থাৎ তাহার সেই দুরাচারতা নিবৃত্তি হইলেই মঙ্গল হইবে—এইরূপ নির্দ্দেশ করা হইয়াছে। ১১।২০ শ্রীভগবান্ উদ্ধবকে বলিয়াছেন। ১৭০—১৭২ ॥

নন্বেবং কেবলানাং কর্ম্মজ্ঞানভক্তীনাং ব্যবস্থোক্তা। নিত্যনৈমিত্তিকং কর্ম্ম তু সর্ব্বেষেবাবশ্যকম্। তর্হি সাঙ্কর্য্যে কথং শুদ্ধে জ্ঞানভক্তী প্রবর্ত্তেয়াতাং তদেতদাশঙ্ক্য তয়োঃ কর্ম্মাধিকারিতাং বারয়তি—তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ॥ ১৭৩ ॥

কর্ম্মাণি নিত্যনৈমিত্তিকাদীনীতি টীকা চ। অতএব শ্রুতিস্মৃতী মমৈবাজ্ঞে যস্তে উল্লঙ্ঘ্য বর্ততে। আজ্ঞাচ্ছেদী মম দ্বেষী মদ্ভক্তোঽপি ন বৈষ্ণবঃ। ইত্যুক্তদোষোঽপি অত্র নাস্তি, আজ্ঞাকরণাৎ। প্রত্যুত জাতয়োরপি নির্ব্বেদশ্রদ্ধয়োস্তৎকরণ এবাজ্ঞাভঙ্গঃ স্যাৎ। যথা চ ব্যাখ্যাতম্—আজ্ঞায়ৈবং গুণান্ দোষানিত্যস্য টীকায়াং ভক্তিদার্ঢ্যেন নিবৃত্তাধিকারতয়া সন্ত্যজেতি। নিবৃত্তাধিকারত্বঞ্চোক্তং শ্রীকরভাজনেন—দেবর্ষি-ভূতাপ্তনৃণাং পিতৃণাং ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্। সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং গতোমুকুন্দং পরিহৃত্য কর্ত্তমিতি তেষাং ন কিঙ্করঃ, কিন্তু শ্রীভগবত এব ইত্যনধি-